

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি কলেজ-৬ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৪৯.০০১.১৮.৩৫

তারিখ: ২১ ফাল্গুন ১৪২৫

০৫ মার্চ ২০১৯

বিষয়: একাডেমিক স্বীকৃতি প্রদান।

উপর্যুক্ত বিষয়ে চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/কুমিল্লা/বরিশাল/চট্টগ্রাম এর সুপারিশের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত ০৬টি কলেজের উচ্চ মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি প্রদানে নিম্নোক্ত শর্তে মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপন করা হলো:

ক্রমিক নং	কলেজ নাম ও ঠিকানা	প্রার্থী বিষয়
১.	গাজীপুর মহানগর কলেজ, সদর, গাজীপুর	উচ্চ মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি
২.	আমবাগ ইউনিক কলেজ, সদর, গাজীপুর	উচ্চ মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি
৩.	হাজী ইউনুছ আলী কলেজ, সাভার, ঢাকা	উচ্চ মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি
৪.	পূর্বাচল কলেজ, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া	উচ্চ মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি
৫.	দপদপিয়া ইউনিয়ন মডেল মহিলা কলেজ, নলছিটি, ঝালকাঠী	উচ্চ মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি
৬.	হার্ভার্ড ইন্টারন্যাশনাল কলেজ, সদর, কক্সবাজার	উচ্চ মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি

শর্তসমূহ:

- ১) শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে;
- ২) আগামী ০১ (এক) বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা ও পরীক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে;
- ৩) ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোন শিক্ষক-কর্মচারীকে এমপিওভুক্ত করা যাবে না;
- ৪) কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
- ৫) উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;
- ৬) সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে;
- ৭) বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;
- ৮) কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে।

৬-৩-২০১৯

মোহাম্মদ রাশেদুল ইসলাম
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ৯৫৭৭৪২৫

বিতরণ :

- ১) চেয়ারম্যান , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ২) চেয়ারম্যান , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
কুমিল্লা
- ৩) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
বরিশাল
- ৪) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৪৯.০০১.১৮.৩৫/১

তারিখ: ২১ ফাল্গুন ১৪২৫
০৫ মার্চ ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ২) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
- ৩) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) সিনিয়র সচিব এর একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৭) অধ্যক্ষ,
- ৮) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



৬-৩-২০১৯

মোহাম্মদ রাশেদুল ইসলাম
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)